

া কুরআনে কারীম ও সহীহ সুন্নাহর আলোকে গুনাহ্ মাফের আমল

বিভাগ/অধ্যায়ঃ ৪. সালাতের অধ্যায় রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

৪. ৬. জুমু'আ'র সালাত

রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ড 'আলাইহি ওয়াসাল্লাম বলেছেন:

« مَنْ تَوَضَّأَ فَأَحْسَنَ الْوُضُوءَ ثُمَّ أَتَى الْجُمُعَةَ فَاسْتَمَعَ وَأَنْصَتَ غُفِرَ لَهُ مَا بَيْنَهُ وَبَيْنَ الْجُمُعَةِ وَزِيَادَةُ ثَلاَثَةِ أَيَّامٍ وَمَنْ مَسَّ الْحَصنَى فَقَدْ لَغَا » . (رواه مسلم و ابو داود و الترمذي و ابن ماجه) .

"যে ব্যক্তি অযু করে এবং খুব ভালভাবে ও সুন্দর করে অযু করে, অতঃপর জুমু'আর সালাতে উপস্থিত হয়; তারপর মনোযোগ দিয়ে (খুতবা) শুনে ও নীরব থাকে, তার দুই জুমু'আর মধ্যবর্তী সাত দিন ও অতিরিক্ত আরও তিন দিন মোট দশ দিনের গুনাহ্ ক্ষমা করে দেওয়া হয়। আর যে ব্যক্তি পাথর বা কঙ্কর স্পর্শ করল, সে অনর্থক কাজ করল।"[1]

ফুটনোট

[1] মুসলিম, হাদিস নং- ২০২৫; আবূ দাউদ, হাদিস নং- ৩৪৩; তিরিমযী, হাদিস নং- ৪৯৮; ইবনু মাজাহ, হাদিস নং- ১০৯০ এবং অন্যান্য মুহাদ্দিস প্রমুখ হাদিসটি আবু হুরায়রা রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণনা করেছেন।

আর নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লামের বাণী: وَزِيَادَةُ ثَلاَثَةِ أَيَّامٍ » এর অর্থ: সৎকাজের প্রতিদান হল তার দশ গুণ; সুতরাং এক জুমু'আ থেকে আরেক জুমু'আ পর্যন্ত হল সাত দিন এবং তার সাথে অতিরিক্ত তিন দিন মিলে মোট দশ দিন, আর আল্লাহ তা'আলা যাকে ইচ্ছা তাঁর অনুগ্রহ দান করেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10483

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন